

## সেতু ভবনে বিদ্যুৎ সাশ্রয়ে Motion Detection Sensor

২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগের অংশ হিসেবে বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে সেতু ভবনে Motion Detection Sensor স্থাপন করা হয়েছে। সেতু ভবনে প্রতিনিয়ত বিদ্যুৎ এর ব্যবহার হয়। লাইট, ফ্যান, এসি, কম্পিউটার প্রভৃতি বিদ্যুৎ ছাড়া অচল। অফিসে ম্যানুয়াল পদ্ধতি ব্যবহার করে লাইট অন-অফ করার ক্ষেত্রে অনেক সময় ব্যস্ততা বা ভুলে লাইট অফ না করে কক্ষ ত্যাগের ফলে বিদ্যুতের অপচয় হয়, বিদ্যুৎ বিল বেশি আসে। বিদ্যুৎ বিল সাশ্রয়ের লক্ষ্যে সেতু ভবনের ৬৫ টি কক্ষে প্রথম দফায় Motion Detection Sensor স্থাপন করা হয় যার ফলে গত ফেব্রুয়ারি/২০২১ মাসে বিদ্যুৎ বিল হয় ৫,৩৪,৬৮১/- টাকা যা সেন্সর স্থাপন করার পূর্বে জানুয়ারি/২০২১ মাসের বিল ৫,৮৬,৪০৪/- টাকার তুলনায় প্রায় ৮.৮২% কম। বিদ্যুতের অপচয় রোধে Motion Detection Sensor গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে বিধায় উদ্যোগটিকে একটি সফল উদ্ভাবনী উদ্যোগ হিসেবে বিবেচনা করা হয়েছে। এই সফল উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য বাস্তবায়নকারী টিমের প্রধান জনাব আলতাফ হোসেন সেখ, অতিরিক্ত পরিচালক (পি এন্ড ডি) কে ২০২০-২১ অর্থবছরে সেরা উদ্ভাবক হিসেবে পুরস্কার প্রদান করা হয়। ২০২০-২১ অর্থবছরে এবং Motion Detection Sensor স্থাপনের পর ২০২১-২২ অর্থবছরে বিদ্যুৎ বিলের তুলনামূলক বিবরণী নিম্নরূপ :

ক্রমিক	মাসের নাম	বিলসমূহ (বছর)		বিদ্যুৎ বিল গড় হ্রাস/বৃদ্ধির পরিমাণ (শতাংশ)
		২০২০	২০২১	
০১।	জুলাই	১২,৬১,৬৮০/-	৭,২৫,৭৬০/-	১১.১৭% হ্রাস
০২।	আগস্ট	১০,৮৭,৮২১/-	৯,৮৪,৩৭৫/-	
০৩।	সেপ্টেম্বর	১১,৪৭,৩৩৫/-	১০,৬১,৯৬০/-	
০৪।	অক্টোবর	৯,৪৮,৪৬৫/-	১০,৭২,০০৮/-	
০৫।	নভেম্বর	৮,৯৪,৭৬৩/-	৭,৭৭,৪৮৩/-	
০৬।	ডিসেম্বর	৫,৮৬,৪০৪/-	৬,৪২,৮৭৯/-	
মোট		৫৯,২৬,৪৬৮/-	৫২,৬৪,৪৬৫/-	

পরবর্তীতে ১৯ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভায় এই উদ্যোগটির বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উদ্যোগ গ্রহণের ফলাফল পর্যালোচনা করে “সেতু ভবনের আরও কক্ষে Motion Detection Sensor স্থাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে” মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত মোতাবেক সেতু ভবনের আরও ৮০ টি কক্ষ ও ১০ টি করিডোরে মোট ৯০ টি স্থানে Motion Detection Sensor স্থাপন করা হয়েছে যা ভবিষ্যতে আরও বিদ্যুৎ সাশ্রয়ে অগ্রণী ভূমিকা পালন করবে।

(মোঃ সিকান্দার ইব্রাহিম)

সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ